



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩  
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২  
৯৫৬০০২৪-২৫  
৯৫৬০০৩১-৩৫  
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১

নং-প্রকা/ক্রেবিঃ-১/১(১৩)/২০১৪-১৫/৭২০(৫৭)

তারিখ : ১৪/০৫/২০১৫

মহাব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় কার্যালয়  
ঢাকা।

বিষয়ঃ চলমান ঋণ -১(কৃষি ঋণ সম্পর্কিত) খাতে ঋণ বিতরণ বৃদ্ধির মাধ্যমে বার্ষিক কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

বিগত ১২/০৫/২০১৫ তারিখে প্রধান কার্যালয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কক্ষে অনুষ্ঠিত আলোচনায় ২০১৪-২০১৫ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, ৩০/০৪/২০১৫ তারিখ ভিত্তিক ব্যাংকের চলমান ঋণ-১ (কৃষি ঋণ সম্পর্কিত) খাতে ঋণ বিতরণে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয় নাই এবং বিগত বছরের তুলনায় ৭০০.০০ (সাতশত কোটি) টাকা পিছিয়ে থাকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি জুন/২০১৫ এর মধ্যে ঘাটতি পূরণ করে কৃষি ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০%এর অধিক অর্জনের সর্বাত্মক পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।


০২। বিগত ৩০/০৪/২০১৫ তারিখ ভিত্তিক আপনার বিভাগাধীন অঞ্চল সমূহের ঋণ বিতরণ পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায় যে, নিম্নবর্ণিত অঞ্চল/ কার্যালয় সমূহ চলমান ঋণ-১ খাতে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়েছে এবং বিগত বছরের তুলনায় পিছিয়ে রয়েছে। বনানী ও নারায়নগঞ্জ কর্পোরেট শাখা এখাতে অদ্যাবধি কোন ঋণ বিতরণ করতে পারে নাই- যা কোন ক্রমেই গ্রহণযোগ্য নয়।

(কোটি টাকায়)

ক্রমঃ	অঞ্চলের নাম	লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	গতবছরের একই সময়ের অর্জন	বৃদ্ধি/ঘাটতি
০১।	নারায়নগঞ্জ	১৩.০০	৫.৮১	৪৫%	৯.৪৮	(-) ৭.১৯
০২।	টাঙ্গাইল (উত্তর)	৮.১৪	৫.১০	৬৩%	১১.৯৭	(-) ৩.০৪
০৩।	বনানী কর্পোঃ শাখা	১০.০০	--	--	--	(-) ১০.০০
০৪।	নারায়নগঞ্জ কর্পোঃ শাখা	১৪.০০	--	--	--	(-) ১৪.০০

০৩। উল্লেখ্য যে, ঋণ বিতরণের সময় এবং সম্ভাবনা কমে যাওয়ায় চলমান ঋণ-১ (কৃষি ঋণ সম্পর্কিত-যথা, মৎস্য, প্রাণিসম্পদ ও অন্যান্য কৃষি ভিত্তিক কর্মকান্ড) খাতে ঋণ বিতরণের মাধ্যমেই কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব। এ প্রেক্ষিতে চলমান ঋণ-১ খাতে ঋণ বিতরণে ঘাটতি/পিছিয়ে থাকার কারণ উদঘাটন করে ইতোমধ্যে যে সকল চলতি মূলধন ঋণ ও নগদ ঋণ মেয়াদোত্তীর্ণ হয়েছে এবং যে সকল ঋণ জুন'২০১৫ তারিখের মধ্যে মেয়াদপূর্তি হবে সে সকল ঋণ প্রস্তাব নবায়ন নিশ্চিত করতে হবে। চলমান ঋণ বর্ধিতকরণ এবং নতুন ভাবে ঋণ প্রদানের সুযোগ থাকলে দ্রুত ঋণ প্রস্তাব গ্রহণ ও প্রক্রিয়াকরণপূর্বক মঞ্জুরির ব্যবস্থা গ্রহণ করে লক্ষ্যমাত্রার শতভাগের অধিক অর্জন নিশ্চিত করতে হবে। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জবাবদিহি করতে হবে।

০৪। বর্ণিত অবস্থায় চলমান ঋণ -১ (কৃষি ঋণ সম্পর্কিত) খাতে ঋণ বিতরণ বৃদ্ধির মাধ্যমে বার্ষিক লক্ষ্যমাত্রার শতভাগের অধিক অর্জনের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

  
(গাঙ্গী কুমার রায়) ১৪.০৫.১৫

উপ-ব্যবস্থাপনা পরিচালক  
তারিখ : এ

নং-প্রকা/ক্রেবিঃ-১/১(১৩)/২০১৪-১৫/৭২০(৫৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। উপ মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস বিভাগ (উক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক, নারায়নগঞ্জ,টাঙ্গাইল(উত্তর)।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, বনানী/ নারায়নগঞ্জ কর্পোরেট শাখা।
- ৭। সংশ্লিষ্ট নিবাহী ও প্রমোটারবৃন্দ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সকল শাখা ব্যবস্থাপক, ঢাকা বিভাগ ( আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ৯। নথি/মহানথি।

  
(বিশির আহমেদ)  
উপ-মহাব্যবস্থাপক